সিনিয়র সিস্টেম এনালিস্ট এর কার্যালয়
ডায়েরী নং ২২৯ তারিখ ০৪/১২/২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ টেলিভিশন
সদর দপ্তর
রামপুরা, ঢাকা-১২১৯
www.btv.gov.bd

নং-১৫.৫৪.০০০০.০২১.৯৯.১৭২.২১- ২৭৭৭

তারিখ : ১৪ অগ্রহায়ন ১৪২৯ বঙ্গাব্দ
~~২৯ সেপ্টেম্বর~~ নভেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

বিটিভির সেবাপ্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| তারিখ | : | ২২ নভেম্বর ২০২২ খ্রি: |
| সময় | : | সকাল ১১.০০ ঘটিকা |
| স্থান | : | পরিচালক (প্রশাসন) মহোদয়ের অফিস কক্ষ |
| সভাপতি | : | পরিচালক (প্রশাসন) |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতি সভাকে অবহিত করেন যে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে ২০২২-২৩ অর্থবছরের কর্মপরিকল্পনার কার্যক্রম ১.১ অনুযায়ী ২য় ত্রৈমাসিকে বিটিভির সেবাপ্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন করা হয়েছে। তিনি সভাকে আরো জানান যে বিটিভির সকল প্রকার সেবা সেবাগ্রহীতাগণ যাতে নির্ধারিত সময়ে নির্বিঘ্নে পেতে পারে তা নিশ্চিত করার জন্য প্রতি ত্রৈমাসিকে এই সভা আহবান করা হয়। এরপর সভাপতির অনুমতিক্রমে সদস্য-সচিব বিটিভির ২০২২-২৩ অর্থ বছরের সেবা প্রদান প্রতিশ্রুতির কর্মপরিকল্পনা অনুযায়ী গৃহীত কার্যক্রম ও অগ্রগতি সভায় উপস্থাপন করেন। তিনি জানান যে প্রধান কার্যালয়ের সিটিজেনস্ চার্টার গত ০৩ অক্টোবর ২০২২ সর্বশেষ হালনাগাদকরা হয়েছে। এ বিষয়ে কমিটির সদস্য আইটি শাখার প্রোগ্রামার-১ সভাকে জানান, সকল কেন্দ্র-উপকেন্দ্র তাদের ১ম ত্রৈমাসিকের হালনাগাদকৃত সিটিজেনস্ চার্টার আইটি শখায় প্রেরণ করেছেন এবং তা ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। এরপর সদস্যবৃন্দ আলোচনায় অংশ নিয়ে সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যকর করার বিষয়ে তাদের মতামত ব্যক্ত করেন। সভায় নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|
| ০১. | ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি বা সিটিজেনস্ চার্টার এ বর্ণিত সেবাসমূহের প্রতিশ্রুতি অনুযায়ী সেবা প্রদান বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ। | বিটিভি প্রধান কার্যালয়সহ কেন্দ্র/উপকেন্দ্রসমূহ স্ব স্ব সিটিজেনস্ চার্টারের বর্ণিত সেবা অনুযায়ী প্রদত্ত সেবার বাস্তবায়ন প্রতিবেদন প্রমাণকসহ নির্ধারিত ছকে প্রেরণ করবেন।<br><br>**সিদ্ধান্ত**: শাখাসমুহ ও কেন্দ্র/উপকেন্দ্রসমূহকে স্বপ্রণদিতভাবে প্রতি প্রান্তিকের শেষ কর্মদিবসের পূর্বে নির্ধারিত ছকে সেবা বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রমাণকসহ পরিচালক (প্রশাসন) বরাবর প্রেরণ করতে হবে। | সকল শাখাপ্রধান, জেনারেল ম্যানেজার, (ঢাকা/চট্টগ্রাম কেন্দ্র), উপকেন্দ্র প্রধান (সকল) |
| ০২. | দৃশ্যমান স্থানে সিটিজেনস্ চার্টার প্রদর্শন। | যে সকল কেন্দ্র/উপকেন্দ্রে দৃশ্যমান স্থানে সিটিজেনস্ চার্টার প্রদর্শন করা হয়নি সেখানে অতিদ্রুত তা স্থাপনের ব্যবস্থা গ্রহণ করাতে হবে।<br><br>**সিদ্ধান্ত**: সকল কেন্দ্র/উপকেন্দ্রে দৃশ্যমান স্থানে হালনাগাদকৃত সিটিজেনস্ চার্টার প্রদর্শনের ব্যবস্থা নিশ্চিত করবে। | জেনারেল ম্যানেজার (ঢাকা/চট্টগ্রাম কেন্দ্র), উপকেন্দ্র প্রধান (সকল) |
| ০৩ | সিটিজেনস্ চার্টার হালনাগাদকরণ। | সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর কার্যক্রম ১.৪-এ প্রতি ত্রৈমাসিকে আওতাধীন দপ্তরসহ সিটিজেনস্ চার্টার হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশের নির্দেশনা রয়েছে।<br><br>**সিদ্ধান্ত**: প্রধান কার্যালয় ও কেন্দ্র/উপকেন্দ্রসমূহকে প্রতি ত্রৈমাসিকে স্ব-স্ব সিটিজেনস্ চার্টার হালনাগাদপূর্বক ওয়েবসাইটে প্রকাশের জন্য সিনিয়র সিস্টেম এনালিস্ট বরবর প্রেরণ করতে হবে (প্রান্তিকের নাম উল্লেখসহ)। | সিনিয়র সিস্টেম এনালিস্ট, সহকারী পরিচালক (প্রশাসন-২) |

| | | | |
|---|---|---|---|
| ০৪. | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনা বাস্তবায়ন | সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর সফল বাস্তবায়নে সকল কার্যক্রম নির্ধারিত সময়ে পালন।<br>**সিদ্ধান্ত**: প্রতি প্রান্তিকের কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। | সহকারী পরিচালক (প্রশাসন-২) |

০২। আর কোন আলোচ্য বিষয় না থাকায় ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(আফছানা বিলকিস)
পরিচালক (প্রশাসন)
ও
সভাপতি
সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি

বিতরণঃ-১।কমিটির সদস্যবৃন্দ-

অনুলিপি:

০১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, বিটিভি, ঢাকা।(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
০২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিটিভি, ঢাকা।
০৩। পরিচালক (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিটিভি, ঢাকা।
০৪। কার্যালয় নথি ।

(আফিফা আফরোজ)
সহকারী পরিচালক (প্রশাসন)
ফোন:৫৫১৩১৯১৮

সিনিয়র সিস্টেম এনালিস্ট এর কার্যালয়
সিস্টেম এনালিস্ট / প্রোগ্রামার-১ / প্রোগ্রামার-২ / পিএ
প্রয়োজনীয় ব্যবস্থা নিন / উপস্থাপন করুন / কথা বলুন / ফাইল দিন
সিনিয়র সিস্টেম এনালিস্ট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ টেলিভিশন
সদর দপ্তর
রামপুরা, ঢাকা-১২১৯।
www.btv.gov.bd

নং-১৫.৫৪.০০০০.০২১.৯৯.১৭২.২১. ২৭২০

তারিখ : ০৬ অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ
২১ নভেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ

## সভার নোটিশ

বাংলাদেশ টেলিভিশনের সিটিজেনস্ চার্টার পরিবীক্ষণ কমিটির এক সভা আগামী ২২.১১.২০২২ খ্রি. তারিখ মঙ্গলবার বেলা ১১.০০ ঘটিকায় কমিটির সভাপতি পরিচালক (প্রশাসন) মহোদয়ের সভাপতিত্বে তাঁর দপ্তরে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২১/১১/২০২২

(আফিফা আফরোজ)
সহকারী পরিচালক (প্রশাসন)
ও
সদস্য-সচিব
সিটিজেনস্ চার্টার পরিবীক্ষণ কমিটি
ফোন: ৫৫১৩১৯১৮

বিতরণ: জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়-

০১। অতিরিক্ত পরিচালক (প্রশাসন), বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
০২। কন্ট্রোলার/সেলস ম্যানেজার, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
০৩। প্রোগ্রামার-১, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।

অনুলিপি:

০১। সহকারী পরিচালক (প্রশাসন-৪), বিটিভি, ঢাকা (আপ্যায়নের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
০২। পরিচালক (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিটিভি, ঢাকা।
০৩। কার্যালয় নথি ।